

“বিজয়ের সুবর্ণ জয়ন্তীতে বাংলাদেশের অর্জন এবং আগামীর প্রত্যাশা” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে “বিজয়ের সুবর্ণ জয়ন্তীতে বাংলাদেশের অর্জন এবং আগামীর প্রত্যাশা” শীর্ষক সেমিনার ২৯ ডিসেম্বর-২০২১, বুধবার, বেলা ২.৩০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, প্রক্টর ড. মোস্তফা কামাল বক্তব্য প্রদান করেন।

এছাড়াও প্রধান আলোচক হিসেবে জিটিভি-এর প্রধান সম্পাদক, বিশিষ্ট কলামিস্ট সৈয়দ ইশতিয়াক রেজা ও বাংলাদেশ আওয়ামী লীগ, উপ-কমিটি-এর তথ্য ও গবেষণা বিষয়ক সদস্য সাকিবুর রহমান শরীফ কনক এবং আমন্ত্রিত অতিথি হিসেবে বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম-এর কেন্দ্রীয় কমিটির সভাপতি মারজুকা রায়না বক্তব্য প্রদান করেন।



সেমিনারটি সঞ্চালনা করেন বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক ইমরান হুসাইন এবং সভাপতিত্ব করেন মো: ইসরাফিল আলম রাফিল। এসময় সেমিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ সহ বিভিন্ন তরুণ কলামিস্টগণ উপস্থিত ছিলেন।